

দৈনিক ইত্তেফাক

১৫/৪/০২

কলাম ৪

দক্ষিণাঞ্চলে ১৫ দিনে ১০ ছাত্রী অপহরণ

বরিশাল অফিস ৥ দক্ষিণাঞ্চলে গত ১৫ দিনে দশ ছাত্রী অপহৃত হয়েছে। এ অপহরণের ঘটনায় অভিভাবক মহলে আতংক দেখা দিয়েছে। কুলগামী ছাত্রীদের কুলে পাঠিয়ে অভিভাবকরা নিশ্চিত হতে পারছেন না। অনেকেই তাদের কন্যাদের কুলে পৌঁছে দিচ্ছেন এবং কুল থেকে ফিরিয়ে নিয়ে আসবেন। সবগুলো জোরপূর্বক অপহরণ এ ধরনের অভিযোগ পুলিশ স্বীকার করছে না। প্রেমিকের হাত ধরে কেউ কেউ ঘর ছাড়ছে এমন প্রমাণ পাওয়া গেছে। গত ১৫ দিনে যারা অপহৃত হয়েছে তারা হচ্ছেঃ শহরের বাজার রোডের সাধী, মীর্জাগঞ্জের ডলি আক্তার, গলাচিপার সাধী শীল, দশমিনার মাহমুদা বেগম, বাকেরগঞ্জের জেসমীন আক্তার, শহরের আমীর কুটিরের সীমান্তি, ভোলার নুসরাত আক্তার, আগৈলঝাড়ার লিজা আক্তার ও উজিরপুরের কলি। এছাড়া ঝালকাঠীর

দিয়াকুল গ্রামের এক ছাত্রীকে অপহরণের পর ধর্ষণের অভিযোগ পাওয়া গেছে। অপহৃতদের মধ্যে কলি ও সীমান্তি উদ্ধার হয়েছে। এ ধরনের অপহরণের ঘটনায় পুলিশ প্রশাসনও উদ্বিগ্ন। পুলিশের ডিআইজি গোলাম মোস্তফা ছ'জেলার ৩৮ থানার পুলিশকে অপহরণ (২য় পৃষ্ঠায় ১-এর কঃ প্রঃ)

দক্ষিণাঞ্চলে ১৫ দিনে

(প্রথম পৃষ্ঠার পর)

সম্পর্কে সজাগ থাকার নির্দেশ দিয়েছেন। তিনি অপহরণকারীদের গ্রেফতার ও অপহৃতদের উদ্ধারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশকে তৎপর হওয়ার নির্দেশ দেন। বেশীরভাগ ক্ষেত্রে মূল অপহরণকারীরা গ্রেফতার হয়নি। তাদের আত্মীয়স্বজন ও সাঙ্গপাঙ্গরা গ্রেফতার হয়েছে।